গাংনীতে পুকুরে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার শিমুলতলা গ্রামে বাড়ির পাশের পুকুরে ডুবে হুজাইফা (৬) নামের এক শিশু মারা গেছে।
হুজাইফা শিমুলতলা গ্রামের কৃষক তুহিন আলীর ছেলে।
আজ শুক্রবার ০৯ মে) দুপরের দিকে বাড়ির পাশে নিজ পুকুর থেকে হুজাইফার মরদেহ উদ্ধার করা হয়।
স্থানীয়রা জানান, শিশুটি বাড়ি থেকে বে হয়ে পুকুরের পাশে পাখি ধরতে যায়। এসময় অসাবধানতাবসত পা পিছলে গভীর পানিতে তলিয়ে যায়। পরে তার মরদেহ পুকুরে ভাসতে দেখে পরিবারের লোকজন উদ্ধার করেন। গাংনী থানার ওসি বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, কোনো অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।
এদিকে, একমাত্র সন্তান হারিয়ে পিতা তুহিন আলী ও মা লাবণী খাতুন পাগল প্রায়।

গাংনীতে পানিতে ডুবে প্রতিবন্ধীর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে ঝরনা খাতুন (২৭) নামের এক মানসিক প্রতিবন্ধীর মৃত্যু হয়েছে।
শুক্রবার সকাল ১০ টায় উপজেলার ষোলটাকা ইউপির চেংগাড়া পূর্বপাড়ার আসমা খাতুনের পুকুর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। ঝরনা খাতুন চেংগাড়া গ্রামের আনারুল ইসলামের মেয়ে।
স্থানীয়রা জানান,ঝরনা খাতুনের মরদেহ পুকুরে ভাষতে দেখে উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। ধারনা করা হচ্ছে পুকুরপাড় দিয়ে যাওয়ার সময় আকস্মিক ভাবে পড়ে যায়। পরে পুকুরের পানিতে ডুবে তার মৃত্যু হয়। ঝরনা খাতুন মানসিক ও বাক প্রতিবন্ধী ছিলেন বলে জানিয়েছেন তার পরিবারের সদস্যরা।
গাংনী হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক (নামপ্রকাশে

অনিচ্ছুক) জানান,ঝরনা খাতুনকে হাসপাতালে নেওয়ার পূবেই মারা গেছে। ইসিজি রিপোর্ট দেখে মৃত্যু’র বিষয়টি নিশ্চিত হয়েছি।

গাংনীর কাজিপুরে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে হামজা (৪) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

বুধবার দুপুর ১২ টায় উপজেলার কাজিপুর গ্রামের বাদল মন্ডলের পুকুরে ডুবে তার মৃত্যু হয়। হামজা কাজিপুর মোল্লাপাড়ার বিপ্লব হোসেনের ছেলে।

স্থানীয়রা জানায়, বাড়ির পাশে একটি পুকুরপাড়ে খেলা খেলছিলো । এসময় হামজা অসাবধনতা বসত পুকুরে পড়ে যায়। কিছুক্ষন পর পরিবারের সদস্যরা হামজাকে না পেয়ে বিভিন্ন স্থানে খোঁজ খবর নেয় কোথাও না পেয়ে পুকুরপাড় এলাকায় খুঁজতে গিয়ে লাশ ভাষতে দেখে স্থানীয়দের সহায়তায় উদ্ধার করে। জীবিত ভেবে স্থানীয় এক পল্লী চিকিৎসকের কাছে নিলে সে জানায় তার কাছে নেওয়ার পূর্বেই হামজার মৃত্যু হয়েছে।

মেহেরপুরের কাজলা নদীতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের কাজলা নদীতে ডুবে মাহফুজ(৮) নামের এক ৩য় শ্রেনীর ছাত্রের মৃত্যু হয়েছে।

সোমবার বিকালে সদর উপজেলার খোকসা গ্রামে এ মর্মান্তিক ঘটনা ঘটে। মাহফুজ সদর উপজেলার খোকসা গ্রামের ছোট খোকনের ছেলে।

পারিবারিক সুত্রে জানা যায়, খোকসা গ্রামের পাশ দিয়ে বয়ে যাওয়া কাজলা নদিতে দুপুরের দিকে মাহফুজ মাছ ধরতে যায়।

এসময় কোন এক সময় দুর্ঘটনাবসত সে কচুরিপানায় আটকিয়ে যায়। অনেক খোঁজা খুঁজির পর বিকালে তার লাশ উদ্ধার করা হয়।